যুগান্তর

তারিখ ....24 MAR 2017
পৃষ্ঠা ...২... কলাম ....১....

রেলওয়ে স্কুল ও কলেজ

# প্রশ্ন ফাঁস : কারাবাসে থাকা দুই শিক্ষক সাময়িক বরখাস্ত

**যুগান্তর রিপোর্ট**

প্রশ্ন ফাঁসের অভিযোগে গ্রেফতার হয়ে কারাবাসে থাকা রাজধানীর কমলাপুর শেরেবাংলা রেলওয়ে স্কুল ও কলেজের দুই শিক্ষককে সাময়িক বরখাস্ত করা হয়েছে। তারা হলেন— অধ্যক্ষ আবদুল আলিম ও ইংরেজির শিক্ষক রফিকুল ইসলাম। বৃহস্পতিবার এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে প্রতিষ্ঠানটি। নতুন প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মতিউর রহমান স্বাক্ষরিত ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ৭ মার্চ প্রতিষ্ঠানের গভর্নিং বডির এক সভায় উল্লিখিত সিদ্ধান্ত হয়েছে। ওই বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, প্রতিষ্ঠানটি মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের এমপিওভুক্ত। এর কোড নম্বর ১০১৪ এবং ইআইআইএন নম্বর ১০৮৫৭৯। এই প্রতিষ্ঠানের শিক্ষকরা রেলওয়ে বিভাগের নয়, সরকারি বেতনভাতা পান।